

## সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৯৭৭

১০. কিতাবুল জানাইয এবং জানাযার পুর্বাপর সংশ্লিষ্ট বিষয় (كِتَابُ الْجَنَائِزِ وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدَّمًا أَوْ مؤخراً) পরিচ্ছেদঃ যেই হাদীস কোন কোন আলিমকে এই সংশয়ে ফেলে দেয় যে, এই উম্মতের কারো বয়স ১০০ বছরের উপর এক বছরও অতিক্রম করবে না!

ذِكُنُ خَبَرِ أَوْهَمَ عَالِمًا مِنَ النَّاسِ أَنَّ سِنَّ أَحدِ مِنْ هَذِهِ الْأُمَّةِ لَا يَجُونُ على المئة سنة

## আরবী

2977 ـ أَخْبَرَنَا عِمْرَانُ بْنُ مُوسَى بْنِ مُجَاشِعِ حَدَّثَنَا هُدْبَةُ بْنُ خَالِدِ الْقَيْسِيُّ حَدَّثَنَا مُبَارَكُ بْنُ فَضَالَةَ قَالَ: سَمِعْتُ الْحَسَنَ يُحَدِّثُ عَنْ أَنسِ بْنِ مَالِكِ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (تَسْأَلُونِي عَنِ السَّاعَةِ؟ وَالَّذِي نَفْسِي بِيَدِهِ مَا عَلَى الْأَرْضِ نَفسٌ مَنْفُوسَةٌ يَأْتِي عليها مئة سنة)

الراوي: أنس بن مَالِكِ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2977 | خلاصة حكم المحدث: صحيح ((الروض)) ـ أيضاً ـ: م.

## বাংলা

২৯৭৭. আনাস বিন মালিক রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "তোমরা আমাকে কিয়ামত সম্পর্কে জিজ্ঞেস করো। ঐ সন্তার কসম, যার হাতে আমার প্রাণ, আজকে যেসব প্রাণী পৃথিবীতে রয়েছে, একশ বছরের মাথায় সেসবের কেউ বেঁচে থাকবে না।"[1]

## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৩/৩৮৫; সহীহ মুসলিম: ২৫৩৮; তিরমিযী: ২২৫০; তাহাবী, শরহু মুশকিলুল আসার: ৩৭৭।

হাদীসটিকে আল্লামা শু'আইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আর রওয)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন